

বাংলাদেশ পর্যটন করপোরেশন

প্রশাসন শাখা

পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা - ১২০৭।

বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর অক্টোবর ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	জনাব মোঃ হান্নান মিয়া চেয়ারম্যান
সভার তারিখ	০৬-১০-২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	'ট্রিকতান' সভাকক্ষ, বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি শুরুতেই একাদশ জাতীয় সংসদের সংসদীয় প্রতিষ্ঠান কমিটির বাপক সংক্রান্ত সাম্প্রতিক সভা সফলভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান।

২.০। পরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন যে, গত ১৪-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত সর্বশেষ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব আছে কিনা জানতে চাইলে সংশোধনী প্রস্তাব না থাকায় সেটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর মহাব্যবস্থাপক (প্রশাসন) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও বর্তমান সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। কার্যপত্রের উপর ধারাবাহিক আলোচনা ও সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রম	বিবরণ
৩.০।	মুজিব শতবর্ষ
৩.১।	<p>'মুজিব শতবর্ষ' উদযাপন প্রসঙ্গে</p> <p>আলোচনা: মুজিব জন্মশতবার্ষিকীর বর্ধিত সময়ে বাপক-এর সময়াবদ্ধ নতুন কর্মপরিকল্পনায় ১২টি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন চলমান রয়েছে।</p> <p>কর্মসূচি ১: গত ২১ ফেব্রুয়ারি ২০২১ তারিখ 'বঙ্গবন্ধু ও ১৯৫২'র ভাষা আন্দোলন' শীর্ষক সেমিনার জুম ক্লাউডে আয়োজন করা হয়েছে।</p> <p>কর্মসূচি ২: গত ১৭ মার্চ ২০২১ জাতির পিতার ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে:</p> <ul style="list-style-type: none"> ➤ ধানমন্ডিস্থ জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন; ➤ বাপক প্রধান কার্যালয়সহ সকল ইউনিটে ডপ-ডাউন ব্যানার বুলানো, আলোকসজ্জাকরণ এবং মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন; ➤ প্রধান কার্যালয়ে কেক কাটা কর্মসূচি; ➤ জাতির পিতা বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন ও তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে ভবিষ্যত প্রজন্মের করণীয় শীর্ষক জুম ক্লাউডে আলোচনা সভা; ➤ বাপক-এর হোটেল অবকাশের উদ্যোগে এতিম ও দুস্থদের মাঝে খাবার বিতরণ; ➤ বাপক-এর সকল হোটেল-মোটলে আগত অতিথিদের জন্য আবাসনের উপর ১৭ মার্চ একদিনের জন্য ২০% + ১৭% = মোট ৩৭% ডিসকাউন্ট অফার; ➤ বাপক-এর সকল ইউনিটে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রণীত থিম সং পরিবেশন। <p>কর্মসূচি ৩: গত ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন নিম্নবর্ণিত কর্মসূচি পালন করা হয়েছে:</p> <ul style="list-style-type: none"> ➤ ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত;

- ২৫ মার্চ বাপক প্রধান কার্যালয়সহ সকল ইউনিটগুলোতে সারাদেশে ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক আউট;

২৬ মার্চ ২০২১

- সূর্যোদয়ের সাথে সাথে প্রধান কার্যালয়সহ ইউনিটগুলোতে জাতীয় পতাকা উত্তোলন;
- বাপক প্রধান কার্যালয়সহ বিভাগীয়/জেলা পর্যায়ের হোটেল, মোটলে ব্যানার ঝুলানো এবং আলোকসজ্জাকরণ;
- বাপক প্রধান কার্যালয়ের উদ্যোগে দরিদ্রদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন;
- বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম' শীর্ষক জুমে আলোচনা সভা;
- জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে বাপক প্রধান কার্যালয়সহ ইউনিটগুলোতে মিলাদ, দোয়া মাহফিল ও মোনাজাত;
- বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বাপক এর হোটেল, মোটলে আগত অতিথিদের আবাসনের উপর একদিন ২৬% ডিসকাউন্ট অফার;
- বাপক-এর হোটেল অবকাশের উদ্যোগে এতিম এবং দুস্থ শিশুদের মাঝে খাবার বিতরণ;
- বাপক ওয়েবসাইটে সুবর্ণ জয়ন্তী কর্ণার স্থাপন।

কর্মসূচি ৪ (২২-১৩ এপ্রিল '২১):

বঙ্গবন্ধুর সাম্প্রদায়িক সম্প্রীতি চেতনা লালনে 'পার্বত্য চট্টগ্রামের তিন জেলায় বৈসাবি উৎসব' আয়োজন/বৈসাবি প্যাকেজ অফার কোভিড-১৯ এর কারণে পার্বত্য চট্টগ্রাম মন্ত্রণালয় কর্মসূচিটি স্থগিত করেছেন।

কর্মসূচি ৫ (জুলাই '২১):

সুজলা-সুফলা সোনার বাংলায় আম উৎসব কোভিড-১৯ এর কারণে আম উৎসব কর্মসূচিটি স্থগিত করা হয়েছে।

কর্মসূচি ৬ (১৫ আগস্ট '২১, জাতীয় শোক দিবসের কর্মসূচি):

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা শেখ মুজিবুর রহমান ঐর ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে বাংলাদেশ পর্যটন করপোরেশন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

- বাপক প্রধান কার্যালয় 'পর্যটন ভবন' সহ সকল ইউনিটগুলোতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;
- ধানমন্ডিস্থ ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন;
- পর্যটন ভবনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন;
- টুঞ্জিপাড়াস্থ হোটেল মধুমতি সার্বিকভাবে প্রস্তুত রাখা;
- কালো ব্যাজ প্রস্তুত ও বিতরণ;
- মিলাদ ও দোয়া মাহফিল;
- জুম এর মাধ্যমে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের উপর পাঠচক্র এবং আলোচনা সভা;
- বাপক এর সকল হোটেল-মোটেলের ইউনিট ব্যবস্থাপকগণ জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় স্থানীয়ভাবে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;
- শোক ব্যানার প্রস্তুত এবং প্রধান কার্যালয়সহ সকল ইউনিটের দৃশ্যমান স্থানে স্থাপন করা;

কর্মসূচি ৭ (২৭ সেপ্টেম্বর '২১):

বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে 'বঙ্গবন্ধুর স্বপনের সোনার বাংলা এবং বাংলাদেশের পর্যটন' শীর্ষক সেমিনার আয়োজন ও এনএইচটিটিআই এর উদ্যোগে 'কুকিং শো' কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।

কর্মসূচি ৮ (অক্টোবর '২১):

সংস্থার অবসরগ্রহণকারী বা বর্তমানে কর্মরত কর্মকর্তাদের মধ্যে যারা বঙ্গবন্ধুর সহচাৰ্য বা ঘনিষ্ঠতা লাভ করতে পেরেছিলেন তাঁদেরকে নিয়ে বঙ্গবন্ধুর উপর স্মৃতিচারণ অনুষ্ঠান জুম-এ আয়োজন হবে।

কর্মসূচি ৯ (নভেম্বর '২১):

বঙ্গবন্ধুর পছন্দের খাবারের মেন্যু প্রস্তুত ও তা সকল ইউনিটে চালু করা।

কর্মসূচি ১০ (চলমান):

মুজিববর্ষ উদযাপন উপলক্ষে ১৭ (সতের) সংখ্যার সাথে মিল রেখে ১৭ মার্চ, ১৪ এপ্রিল, ১৭ এপ্রিল, ১৬ ডিসেম্বর ইত্যাদি তারিখে যথাক্রমে ১৭%, ৩৪% এবং ৫১% ইত্যাদি হারে বাণিজ্যিক ইউনিটে কক্ষ ভাড়ার উপর রেয়াদ প্রদান।

	<p>এতদবিষয়ে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>কর্মসূচি ১১ (চলমান): বাংলাদেশে বঙ্গবন্ধু স্মৃতিবিজড়িত স্থান/ভ্রমণ করেছেন এমন ১০০টি স্থান নির্বাচন করে অনলাইনে দেশে-বিদেশে প্রচার করা।</p> <p>কর্মসূচি ১২ (১৬ ডিসেম্বর '২১): বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জাতীয় কমিটির সমাপনী প্রোগ্রামে বর্ণাঢ্য র্যালীসহ বাপক-এর অংশগ্রহণ : জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পর্যটন করপোরেশন স্বতস্কৃতভাবে এ কর্মসূচিতে অংশগ্রহণ।</p> <p>গত ০৮ জুন ২০২১ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ/বাস্তবায়িত হয়েছে।</p> <ul style="list-style-type: none"> ➤ প্রধান কার্যালয়সহ সকল ইউনিটে মুজিব জন্মশতবার্ষিকীর সাথে সমন্বয় করে ব্যানার তৈরি ও সাটানো হয়েছে। ➤ মুজিববর্ষের লোগো ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লোগো সম্বলিত ১০০টি প্যাড ইতোমধ্যে তৈরি করা হয়েছে। ➤ সংস্থার সকল চিঠিপত্র, বিজ্ঞাপনের মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লোগো ব্যবহারের জন্য সংস্থার সকল শাখাকে বলা হয়েছে এবং কার্যকর করা হয়েছে। <p>সিদ্ধান্ত:</p> <p>ক) 'মুজিব শতবর্ষ' উদযাপন সংক্রান্ত প্রতিটি অনুষ্ঠানকে সর্বাধিক গুরুত্ব দিয়ে পরিবর্তিত পরিস্থিতিতে জাতীয় কমিটি তথা রাষ্ট্রীয় সিদ্ধান্ত/নির্দেশনা অনুসরণে বাপক-এর পক্ষ হতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। একইসাথে সকল প্রকাশনা, প্রচারণা ও গৃহীত কার্যক্রমের ছবি, ভিডিও বা আনুষঙ্গিক প্রমাণাদি সংগ্রহ ও সংরক্ষণ করে বাপক-এর পক্ষে পরবর্তীতে একটি সংকলন আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>খ) ব্যবস্থাপক (বিউজস) জাতীয় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর থেকে 'বঙ্গবন্ধুর ১০০ পর্যটন গন্তব্য' বিষয়ক কার্যক্রমের তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর পছন্দের খাবারের মেন্যু সংগ্রহের জন্য সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ অব্যাহতে রাখতে হবে। এ বিষয়ে অধ্যক্ষ (এনএইচটিআই) দ্রুততম সময়ের মধ্যে কর্তৃপক্ষ বরাবর খসড়া দাখিল করবেন।</p> <p>গ) সরকারের সিদ্ধান্ত মোতাবেক যে সমস্ত অনুষ্ঠান অনলাইন বা স্বাস্থ্যবিধি মেনে পালন করা সম্ভব সেগুলো বাপক যথাযোগ্য মর্যাদায় প্রতিপালন করবে।</p> <p>বাস্তবায়ন: সংশ্লিষ্ট সকল কমিটি / ব্যবস্থাপক (বিউজস)</p>
<p>৩.২।</p>	<p>'পর্যটন ভবন'-এ বঙ্গবন্ধু কর্ণার স্থাপন প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন ও আনুষঙ্গিক সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পূর্ত বিভাগের উপস্থাপিত বঙ্গবন্ধু কর্ণার-এর একটি ডিজাইন সভায় উপস্থাপিত হয় এবং কিছু জিনিস সংযোজনের শর্ত প্রাথমিকভাবে অনুমোদিত হয়। বঙ্গবন্ধু-কে নিয়ে প্রকাশিত বই এখানে রাখা হবে এবং ডকুমেন্টারি প্রদর্শন করা হবে।</p> <p>সিদ্ধান্ত: নভেম্বর/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: গঠিত কমিটি / মহাব্যবস্থাপক (পূর্ত)</p>
<p>৩.৩।</p>	<p>স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন প্রসঙ্গে</p> <p>আলোচনা: করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯-এর সংক্রমণজনিত পরিস্থিতি বিবেচনায় সরকারের সিদ্ধান্ত মোতাবেক যে সমস্ত অনুষ্ঠান অনলাইন বা স্বাস্থ্যবিধি মেনে পালন করা সম্ভব সেগুলো যথাযোগ্য মর্যাদায় প্রতিপালনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: সরকারের সিদ্ধান্ত মোতাবেক যে সমস্ত অনুষ্ঠান অনলাইন বা স্বাস্থ্যবিধি মেনে পালন করা সম্ভব সেগুলো বাপক যথাযোগ্য মর্যাদায় প্রতিপালন করবে। এছাড়া প্রয়োজন সাপেক্ষে নির্দেশিত সময় অবধি স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও উক্ত অনুষ্ঠান উপলক্ষ্যে অনুমোদিত লোগো ব্যবহারসহ আনুষঙ্গিক বিষয়াদি সমন্বয় সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত থাকবে।</p> <p>বাস্তবায়ন: সংশ্লিষ্ট সকল কমিটি / ব্যবস্থাপক (বিউজস) / প্রশাসন শাখা</p>



৩.৪।	<p>রাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহের জুলাই মাসের আয়-ব্যয় ও লাভ-ক্ষতি প্রসঙ্গে আলোচনা: সেপ্টেম্বর ২০২১ মাসে রাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটের আয়-ব্যয় ও লাভ-ক্ষতি সম্পর্কিত সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:</p> <table border="1" data-bbox="332 369 1437 448"> <thead> <tr> <th>ক্রম</th> <th>মোট বাণিজ্যিক ইউনিট</th> <th>মোট আয়</th> <th>মোট ব্যয়</th> <th>লাভ/ক্ষতি</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>৪৯</td> <td>৭৩৪.৯০</td> <td>৭৮৮.২২</td> <td>- ৫৩.৩২</td> </tr> </tbody> </table> <p style="text-align: right;">(লক্ষ টাকা)</p> <p>সিদ্ধান্ত: অর্থ ও হিসাব শাখার সহযোগিতায় বাণিজ্যিক শাখা ইউনিটসমূহের মাসিক প্রতিবেদন (আয়/ব্যয় ও লাভ/ক্ষতি) সংরক্ষণ করবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (বাণিজ্যিক) / ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ইউনিট ব্যবস্থাপক (সকল)</p>	ক্রম	মোট বাণিজ্যিক ইউনিট	মোট আয়	মোট ব্যয়	লাভ/ক্ষতি	১	৪৯	৭৩৪.৯০	৭৮৮.২২	- ৫৩.৩২																				
ক্রম	মোট বাণিজ্যিক ইউনিট	মোট আয়	মোট ব্যয়	লাভ/ক্ষতি																											
১	৪৯	৭৩৪.৯০	৭৮৮.২২	- ৫৩.৩২																											
৪.০।	আইন শাখা																														
৪.১।	<p>রীট, দেওয়ানী, ফৌজদারি এবং বিভাগীয় মামলা প্রসঙ্গে আলোচনা: আদালতে চলমান মামলাসমূহের ক্ষেত্রে যেগুলো বিজ্ঞ আদালতের রায় প্রাপ্তির পরপরই সংস্থার নিষ্পন্ন হিসেবে নথিভুক্ত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সংস্থার নিজস্ব মামলাসমূহের বিষয়ে সত্বর তদন্ত প্রদেবদন উপস্থাপনের জন্য সভাপতি তাগিদ প্রদান করেন। সভাপতি বলেন, কার্যকারিতা নেই এমন মামলাও কার্যতালিকায় রয়ে গেছে। এই অবস্থা থেকে উত্তরণের উপায় খুঁজতে তিনি আইন শাখাকে নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) সিলেট শিশুপার্ক সংক্রান্ত সংশ্লিষ্ট বেসরকারি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের (লিজ গ্রহীতা) সাথে চুক্তি নবায়ন ও অন্যান্য পাওনার বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>খ) সংস্থার পক্ষে দায়েরকৃত গুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকা ও সংস্থার বিপক্ষে উত্থাপিত মামলাসমূহ এই দু'টি ভাগে বিভক্ত করে কার্যক্রম পরিচালনা করতে হবে।</p> <p>গ) কম গুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকায় যেসব মামলার কোন কার্যকারিতা নেই সেগুলো কার্যতালিকা থেকে বাদ দেয়ার লক্ষ্যে বিজ্ঞ আইন উপদেষ্টার সাথে জরুরি ভিত্তিতে আলোচনা করতে হবে।</p> <p>ঘ) আইনজীবীদের সাথে নিয়মিত সভা করে মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (বাণিজ্যিক) / উপব্যবস্থাপক (আইন)</p> <p>ঙ) সেপ্টেম্বর ২০২১ মাসে রাপক-এর বিভাগীয় মামলাসমূহের তথ্য নিম্নরূপ:</p> <table border="1" data-bbox="332 1355 1453 1825"> <thead> <tr> <th>মামলার বিবরণ</th> <th>সংখ্যা</th> <th>মন্তব্য</th> </tr> </thead> <tbody> <tr> <td>আগস্ট '২১ মাসের জের</td> <td>০৫টি</td> <td></td> </tr> <tr> <td>সেপ্টেম্বর '২১ মাসে দায়ের</td> <td>০১ টি</td> <td></td> </tr> <tr> <td>মোট মামলার সংখ্যা</td> <td>০৬টি</td> <td></td> </tr> <tr> <td>সেপ্টেম্বর '২১ মাসে নিষ্পত্তি</td> <td>০২টি</td> <td></td> </tr> <tr> <td>অনিষ্পন্ন মামলার সংখ্যা</td> <td>০৪টি</td> <td>আদালতে চলমান মামলা ০২টি। এর মধ্যে ০১টি মামলায় মহামান্য হাইকোর্ট হতে স্থগিতাদেশ দেয়া হয়েছে। অপর ০১টি মামলা বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতে চলমান রয়েছে।</td> </tr> <tr> <td>১ বছরের উর্ধ্বে</td> <td>০২টি</td> <td></td> </tr> <tr> <td>৬ মাসের উর্ধ্বে</td> <td>০১টি</td> <td></td> </tr> <tr> <td>৩ মাসের উর্ধ্বে</td> <td>--টি</td> <td></td> </tr> <tr> <td>৩ মাসের মধ্যে</td> <td>০১টি</td> <td></td> </tr> </tbody> </table> <p>সিদ্ধান্ত:</p> <p>সংস্থার অনিষ্পন্ন মামলাসমূহের নিষ্পন্ন করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (প্রশাসন) / নির্বাহী কর্মকর্তা (ব্যক্তি সংক্রান্ত)</p>	মামলার বিবরণ	সংখ্যা	মন্তব্য	আগস্ট '২১ মাসের জের	০৫টি		সেপ্টেম্বর '২১ মাসে দায়ের	০১ টি		মোট মামলার সংখ্যা	০৬টি		সেপ্টেম্বর '২১ মাসে নিষ্পত্তি	০২টি		অনিষ্পন্ন মামলার সংখ্যা	০৪টি	আদালতে চলমান মামলা ০২টি। এর মধ্যে ০১টি মামলায় মহামান্য হাইকোর্ট হতে স্থগিতাদেশ দেয়া হয়েছে। অপর ০১টি মামলা বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতে চলমান রয়েছে।	১ বছরের উর্ধ্বে	০২টি		৬ মাসের উর্ধ্বে	০১টি		৩ মাসের উর্ধ্বে	--টি		৩ মাসের মধ্যে	০১টি	
মামলার বিবরণ	সংখ্যা	মন্তব্য																													
আগস্ট '২১ মাসের জের	০৫টি																														
সেপ্টেম্বর '২১ মাসে দায়ের	০১ টি																														
মোট মামলার সংখ্যা	০৬টি																														
সেপ্টেম্বর '২১ মাসে নিষ্পত্তি	০২টি																														
অনিষ্পন্ন মামলার সংখ্যা	০৪টি	আদালতে চলমান মামলা ০২টি। এর মধ্যে ০১টি মামলায় মহামান্য হাইকোর্ট হতে স্থগিতাদেশ দেয়া হয়েছে। অপর ০১টি মামলা বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতে চলমান রয়েছে।																													
১ বছরের উর্ধ্বে	০২টি																														
৬ মাসের উর্ধ্বে	০১টি																														
৩ মাসের উর্ধ্বে	--টি																														
৩ মাসের মধ্যে	০১টি																														

৪.২।	<p>হোটেল অবকাশ-এ অভ্যন্তরীণ নিরীক্ষার ভিত্তিতে উত্থাপিত অভিযোগের বিষয়ে বিভাগীয় কার্যক্রম সূচনাকরণ প্রসঙ্গে আলোচনা: হোটেল অবকাশ-এর অভ্যন্তরীণ নিরীক্ষায় অনিয়ম ও অর্থ তহরুপের অভিযোগে মামলা দায়েরের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ চারটি বিষয়: ১. সময়, ২. স্থান, ৩. ঘটনা ও ৪. জড়িত ব্যক্তি প্রভৃতিতে আলোকপাত করে দায়-দায়িত্ব নির্ধারণের জন্য ০৪ (চার) সদস্য বিশিষ্ট গঠিত কমিটি-কে দ্রুত প্রতিবেদন দাখিল করার জন্য সভাপতি অনুরোধ জানান।</p> <p>সিদ্ধান্ত: কমিটি দ্রুত এ বিষয়ে তদন্ত প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।</p> <p>বাস্তবায়ন: সংশ্লিষ্ট কমিটি</p>
৫.০।	প্রশাসন শাখা
৫.১।	<p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর সার্বিক কার্যক্রম প্রসঙ্গে আলোচনা: বাপক-এর ২০২১-২২ অর্থবছরের APA-এর সময়সূচি অনুযায়ী কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) বাপক-এর ২০২১-২২ অর্থবছরে APA-এর কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেষ্ট হতে হবে।</p> <p>খ) প্রতি মাসে নিয়মিত সভা আয়োজন করে ছকবদ্ধ কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।</p> <p>বাস্তবায়ন: প্রশাসন শাখা / ডেস্ক কর্মকর্তা, APA (সকল শাখা) / APA টিম</p>
৫.২।	<p>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর সার্বিক কার্যক্রম প্রসঙ্গে আলোচনা: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বাপক-এর নৈতিকতা কমিটি'র সভার মাধ্যমে গৃহীত সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন হয়। বাপক-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর ১ম ত্রৈমাসিক এর সভা গত ১৯-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।</p> <p>সিদ্ধান্ত: বাপক-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেষ্ট হতে হবে। এছাড়া শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সময়সূচি অনুযায়ী নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: প্রশাসন শাখা / সংশ্লিষ্ট সকল শাখা</p>
৫.৩।	<p>অভিযোগ নিষ্পত্তি এবং তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ প্রসঙ্গে আলোচনা: অভিযোগ নিষ্পত্তি, গণশুনানী প্রভৃতি বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করে নির্দেশনা দেন যে, যেকোন ধরনের অভিযোগকে স্বাগত জানাতে ইউনিট ব্যবস্থাপকগণ সচেষ্ট হবেন।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) বাণিজ্যিক ইউনিটে আগত অভিযুক্তদের সর্বোত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন ইউনিট থেকে প্রাপ্ত অভিযোগসমূহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাসময়ে নিষ্পত্তি করবেন এবং কর্তৃপক্ষকে অবহিত করবেন।</p> <p>খ) আইসিটি শাখা নিয়মিত তথ্য-বাতায়নসমূহ হালনাগাদ করবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (প্রশাসন, বাণিজ্যিক, পরিকল্পনা, বিওজস, আইসিটি) / ইউনিট ব্যবস্থাপক (সকল)</p>
৫.৪।	<p>অনিষ্পন্ন বিষয়াদি প্রসঙ্গে আলোচনা: সভাপতি বলেন, শুধুমাত্র হোটেল অবকাশ, ডিএফও এবং রংপুর ইউনিট থেকে অনিষ্পন্ন বিষয়াদির তালিকা এবং শূন্য প্রতিবেদন পাওয়া গেছে। অন্য কোন ইউনিট বা শাখা থেকে কোন তথ্য পাওয়া যায়নি। আগামী সমন্বয় সভায় প্রত্যেক ইউনিট বা শাখা থেকে শূন্য প্রতিবেদন হলেও অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রেরণের বিষয়ে সভাপতি কঠোর নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: অনিষ্পন্ন বিষয়াদির তালিকায় কী বিষয় কী কারণে কার নিকট অনিষ্পন্ন অবস্থায় আছে- ইত্যাদি তথ্য অন্তর্ভুক্ত করে প্রতিবেদন প্রণয়ন করতে হবে। বাপক-এর সকল শাখা ও বাণিজ্যিক ইউনিটের অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে চেয়ারম্যান মহোদয়ের দপ্তর বরাবর প্রেরণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (সকল) / চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব</p>

৫.৫।	<p>বাপক-এর জনবল কাঠামো প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর জনবল কাঠামো অনুমোদনের লক্ষ্যে বাপক হতে সংশোধিত প্রস্তাব গত ১০-০৬-২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত রয়েছে।</p> <p>সিদ্ধান্ত: বাপক-এর জনবল কাঠামো বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p> <p>বাস্তবায়ন: প্রশাসন শাখা</p>
৫.৬।	<p>বাপক-এর শূন্য পদে জনবল নিয়োগ প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর স্থায়ী জনবল নিয়োগের বিষয়ে গত ০৯-০৯-২০২১ তারিখে ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট গঠিত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। গঠিত কমিটি সংস্থার আয়-ব্যয়ের ভারসাম্য ও বকেয়ার পরিমাণ ইত্যাদির তুলনামূলক বিবরণী বিবেচনায় নিয়ে সুবিবেচনাপ্রসূত ও সুনির্দিষ্ট প্রস্তাবনা কর্তৃপক্ষ বরাবর দাখিলের লক্ষ্যে কার্যক্রম শুরু করেছে।</p> <p>সিদ্ধান্ত: গঠিত কমিটি নিয়োগবিধি যাচাই-বাছাইপূর্বক বাপক-এর আয়-ব্যয়ের ভারসাম্য ও বকেয়ার পরিমাণ ইত্যাদির তুলনামূলক বিবরণী বিবেচনায় নিয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)</p>
৬.০।	<p>অর্থ ও হিসাব শাখা</p>
৬.১।	<p>সংস্থার চলতি অর্থবছরের আয়-ব্যয় প্রসঙ্গে</p> <p>আলোচনা: সংস্থার ২০২১-২২ অর্থবছরে আয়ের ধার্যকৃত লক্ষ্যমাত্রা হলো ১৩০৪১.১২ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০২১ মাসের লক্ষ্যমাত্রা ১০৮৬.৭৬ লক্ষ টাকার বিপরীতে অর্জিত হয়েছে ৭৩৪.৯০ লক্ষ টাকা। নির্ধারিত লক্ষ্যমাত্রা থেকে $(১০৮৬.৭৬ - ৭৩৪.৯০) = - ৩৫১.৮৬$ লক্ষ টাকা আয় কম হয়েছে। অন্যদিকে সেপ্টেম্বর ২০২১ মাসের মোট আয় ৭৩৪.৯০ লক্ষ টাকা এবং মোট ব্যয় ৭৮৮.২২ লক্ষ টাকা। ফলে নীট ক্ষতির পরিমাণ $(৭৩৪.৯০ - ৭৮৮.২২) = - ৫৩.৩২$ লক্ষ টাকা।</p> <p>ইউনিট প্রধানগণ মাসিক প্রতিবেদন অব্যাহত রেখেছেন। অবচয় খাতে অর্থ আদায় অব্যাহত আছে। প্রধান কার্যালয়সহ বাণিজ্যিক ইউনিটগুলোর মাসিক অবচয় ৫৭.৮৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। অবচয় খাতে এ পর্যন্ত ৫.৫০ লক্ষ (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা FDR করা হয়েছে এবং ৩০-০৯-২০২১ তারিখ পর্যন্ত অবচয় খাতে ৭২,৮১,৬৪৪ লক্ষ (বাহাত্তর লক্ষ একাশি হাজার ছয় শত চুয়াল্লিশ) টাকা ব্যাংকে স্থিতি রয়েছে।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) ডিএফওসহ সকল ইউনিট ব্যবস্থাপক মাসিক প্রতিবেদন (আয়/ব্যয়) প্রেরণ অব্যাহত রাখবেন এবং সকল ইউনিট হতে অবচয় খাতের জমা নিশ্চিত করতে হবে।</p> <p>খ) অবচয়জনিত যে টাকা FDR করা হয়ে থাকে সেটি আর্থিক দুর্দিনে তারল্যতার দিকে সতর্ক দৃষ্টি বজায় রেখে জমা করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ইউনিট ব্যবস্থাপক (সকল)</p>
৬.২।	<p>বাপক-এর বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন প্রসঙ্গে</p> <p>আলোচনা: পরিচালক (বাণিজ্যিক) উল্লেখ করেন যে, সংস্থার যে বাজেট আছে সেটি প্রথা অনুযায়ী বাস্তবায়ন করা দরকার এবং আয় ও ব্যয় কত, সম্ভাব্য ব্যয় কত, উন্নয়ন প্রকল্পের খরচ কত সেগুলো সাধারণ সভা বা বাজেট সভা বা বিশেষ বাজেট সভায় আলোচনাপূর্বক নির্ধারণ করা যেতে পারে। সে লক্ষ্যে গত ০৫/১০/২০১১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) এক অর্থবছরের ব্যয় অন্য অর্থবছরে করতে হলে তালিকা করে বাজেট ম্যানেজমেন্ট কমিটি'র সভায় জবাবদিহির মাধ্যমে অনুমোদন নিতে হবে।</p> <p>খ) বাপক-এর ২০২১-২২ অর্থবছরের বাজেট উপস্থাপন করা হয়েছে। বাপক-এর আগামী পর্যদ সভায় বাজেটটি উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ব্যবস্থাপক (বিউজস)</p>

৬.৩।	<p>বাপক-এর 'ক্রাইসিস ম্যানেজমেন্ট ফান্ড' গঠন ও পরিচালনা প্রসঙ্গে আলোচনা: ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক প্রণীত ক্রাইসিস ম্যানেজমেন্ট ফান্ড গঠন ও পরিচালনা প্রসঙ্গে খসড়া গাইড লাইনটি সভায় উপস্থাপন করা হয়। প্রণীত গাইড লাইনটি বাপকের পরবর্তী পর্যদ সভায় উপস্থাপন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: বাপক-এর 'ক্রাইসিস ম্যানেজমেন্ট ফান্ড' পরিচালনা সংক্রান্ত প্রণীত খসড়া গাইডলাইনটি বাপক-এর আগামী পর্যদ সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)</p>																
৭.০।	<p>নিরীক্ষা শাখা</p>																
৭.১।	<p>সংস্থার নিরীক্ষা আপত্তি প্রসঙ্গে আলোচনা: বাপক-এর অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রেরণ এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় অডিট সভা অনুষ্ঠানের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। হক আকারে সংস্থার সেপ্টেম্বর'২১ মাসে নিরীক্ষা আপত্তির পরিসংখ্যান নিম্নরূপ:</p> <table border="1" data-bbox="430 772 1339 1019"> <tr> <td>গত মাসের জের (আগস্ট'২১)</td> <td>৪০৯টি</td> </tr> <tr> <td>বর্তমান মাসে (সেপ্টেম্বর'২১) প্রাপ্ত নতুন আপত্তির সংখ্যা</td> <td>-- টি</td> </tr> <tr> <td>বর্তমান মাসে (সেপ্টেম্বর'২১) নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</td> <td>-- টি</td> </tr> <tr> <td>আলোচ্য মাসে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা যা</td> <td>৪০৯টি</td> </tr> <tr> <td>আলোচ্য মাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় অডিট সভার সংখ্যা</td> <td>-- টি</td> </tr> <tr> <td>আলোচ্য মাসে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় অডিট সভার সংখ্যা</td> <td>-- টি</td> </tr> </table> <p>ব্যবস্থাপক (নিরীক্ষা) জানান, নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উল্লিখিত ৪০৯টি আপত্তির প্রত্যেকটির জবাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে তিনি অবহিত করেন। চলতি জুন-২০২১ মাসে প্রাপ্ত মংলা ইউনিটের ০৬ (ছয়)টি আপত্তির ব্রডশীট জবাব ১৯-০৭-২০২১ তারিখে প্রেরণ করা হয়েছে।</p> <p>নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে ০৬টি সাধারণ আপত্তির জবাব প্রেরণের জন্য হোটেল অবকাশকে গত ২৩-০৬-২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত ৬টির জবাব প্রাপ্তির পর দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য পত্র প্রেরণ করা হবে। কোভিড-১৯ এর কারণে সর্বাঙ্গিক লক ডাউন চলমান থাকার কারণে দ্বি-পক্ষীয় সভা আয়োজন বিলম্বিত হচ্ছে। এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত আছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের জন্য পরিকল্পনা বিভাগকে জানিয়ে দেয়া হয়েছে।</p> <p>সিদ্ধান্ত: ক) নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে। APA-এর লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। খ) প্রতিটি নিরীক্ষা আপত্তির সুনির্দিষ্ট বাস্তব অবস্থা সম্পর্কিত সংক্ষিপ্ত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (নিরীক্ষা)</p>	গত মাসের জের (আগস্ট'২১)	৪০৯টি	বর্তমান মাসে (সেপ্টেম্বর'২১) প্রাপ্ত নতুন আপত্তির সংখ্যা	-- টি	বর্তমান মাসে (সেপ্টেম্বর'২১) নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা	-- টি	আলোচ্য মাসে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা যা	৪০৯টি	আলোচ্য মাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় অডিট সভার সংখ্যা	-- টি	আলোচ্য মাসে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় অডিট সভার সংখ্যা	-- টি				
গত মাসের জের (আগস্ট'২১)	৪০৯টি																
বর্তমান মাসে (সেপ্টেম্বর'২১) প্রাপ্ত নতুন আপত্তির সংখ্যা	-- টি																
বর্তমান মাসে (সেপ্টেম্বর'২১) নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা	-- টি																
আলোচ্য মাসে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা যা	৪০৯টি																
আলোচ্য মাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় অডিট সভার সংখ্যা	-- টি																
আলোচ্য মাসে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় অডিট সভার সংখ্যা	-- টি																
৮.০।	<p>আইসিটি শাখা</p>																
৮.১।	<p>সংস্থার আইসিটি শাখার সার্বিক কার্যক্রম প্রসঙ্গে আলোচনা: কোভিড-১৯ সংক্রমণকালে স্বাস্থ্যবিধি অনুসরণের প্রেক্ষিতে সংস্থার সভা/সম্মেলনসহ প্রায় সকল কার্যক্রম ডিজিটাল সেবা ব্যবহার করে আয়োজনের ধারাবাহিকতা বজায় রাখা এবং আয়োজিত কার্যক্রমসমূহের তালিকা সংরক্ষণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপক (আইসিটি) অনলাইন কার্যক্রম অনুষ্ঠানের বিবরণী (০১-০৯-২০২১ থেকে ৩০-০৯-২০২১ তারিখ পর্যন্ত) নিম্নরূপ হক অনুযায়ী সভায় উপস্থাপন করেন:</p> <table border="1" data-bbox="341 1915 1388 2004"> <tr> <th>ক্রম</th> <th>সভা</th> <th>সেমিনার</th> <th>প্রশিক্ষণ</th> <th>সম্মেলন</th> <th>আলোচনা সভা</th> <th>অন্যান্য</th> <th>মোট</th> </tr> <tr> <td>১</td> <td>০৪টি</td> <td>০১টি</td> <td>০১টি</td> <td>০১টি</td> <td>০২টি</td> <td>--টি</td> <td>০৯টি</td> </tr> </table>	ক্রম	সভা	সেমিনার	প্রশিক্ষণ	সম্মেলন	আলোচনা সভা	অন্যান্য	মোট	১	০৪টি	০১টি	০১টি	০১টি	০২টি	--টি	০৯টি
ক্রম	সভা	সেমিনার	প্রশিক্ষণ	সম্মেলন	আলোচনা সভা	অন্যান্য	মোট										
১	০৪টি	০১টি	০১টি	০১টি	০২টি	--টি	০৯টি										

	<p>সিদ্ধান্ত: অনলাইন ভিডিও কনফারেন্সিং এ্যাপ্লিকেশন সেবা (Zoom Cloud) ব্যবহার করে সংস্থার প্রয়োজনীয় সভা/সেমিনার/প্রশিক্ষণ/সম্মেলন/আলোচনা সভা আয়োজনের কার্যক্রম চলমান রাখতে হবে। এছাড়া প্রতি সমন্বয় সভায় উপযুক্ত ছক অনুযায়ী তথ্য উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: আইসিটি শাখা</p>
৯.০।	ডিউটি ফ্রি অপারেশন্স ইউনিট
৯.১।	<p>বাপক-এর নিকট পাওনা সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ (ক্যাব)-এর বকেয়া ভাড়া পরিশোধ প্রসঙ্গে আলোচনা: পূর্বতন হারে বকেয়া ভাড়া কিস্তি আকারে পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। পাশাপাশি করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯-এর কারণে ভয়াবহ ক্ষতির হাত থেকে রক্ষা পাওয়ার জন্য ভাড়া রেয়াত/মওকুফের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে আবেদন করা হয়েছে। সভাপতি উক্ত আবেদন পত্রের প্রেক্ষিতে যোগাযোগ অব্যাহত রাখতে পরামর্শ প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) প্রধান কার্যালয় হতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে ও সংস্থার আর্থিক অবস্থা বিবেচনায় বাপক কর্তৃক পরিচালিত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ শুল্কমুক্ত বিপণী, স্ন্যাকস ও ড্রিংকস কর্নারের জায়গার ভাড়া বাবদ সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ (ক্যাব)-এর বকেয়া পাওনার একটি নির্দিষ্ট অর্থ (পূর্বতন হারে) কিস্তির মাধ্যমে পরিশোধের কার্যক্রম বিবেচনায় রাখতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (ডিএফও) / ব্যবস্থাপক (শুল্কমুক্ত বিপণীসমূহ, হশাআবিব)</p>
৯.২।	<p>বন্ড লাইসেন্স অডিটকরণ ও একাধিক বন্ড লাইসেন্সের সংখ্যা প্রসঙ্গে আলোচনা: বন্ড লাইসেন্স বিষয়ে সভাপতি সবগুলো অডিট করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন যে, সাধারণত বন্ড লাইসেন্সগুলো একবার হাতছাড়া হয়ে গেলে ফিরে পাওয়া দুঃসাধ্য। সেক্ষেত্রে বাপক-এর নিজস্ব পরিচালনায় ব্যবহারের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত: সমুদয় বন্ড লাইসেন্স-এর অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ডিএফও ইউনিট</p>
৯.৩।	<p>চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে জন্মকৃত জন্মকৃত পণ্য (সিগারেট) সংগ্রহের প্রসঙ্গে আলোচনা: চট্টগ্রামে বেশ বড় পরিমাণের জন্মকৃত পণ্য (সিগারেট) ক্রয় ও সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে জন্মকৃত পণ্য (সিগারেট) সংগ্রহের বিষয়ে দ্রুত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (ডিএফও) / ডিএফও ইউনিট</p>
৯.৪।	<p>রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় নতুন বার চালুকরণ প্রসঙ্গে আলোচনা: রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় অবস্থানরত বিদেশী নাগরিকদের জন্য সেখানে একটি বার স্থাপনের সার্বিক বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) ডিএফও ইউনিটের অধীনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় বার পরিচালনার লক্ষ্যে যাবতীয় কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।</p> <p>খ) জাতীয় রাজস্ব বোর্ড-এর নিকট আমদানী কোটা বৃদ্ধির বিষয়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (ডিএফও) / সংশ্লিষ্ট কমিটি / ডিএফও ইউনিট</p>
১০.০।	বাণিজ্যিক শাখা
১০.১।	<p>বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটে মনিটরিং কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে আলোচনা: সকল বাণিজ্যিক ইউনিটে অনলাইন মনিটরিং কার্যক্রম চলমান আছে। এছাড়া কোভিড-১৯ সংক্রমণজনিত পরিবর্তিত অবস্থার সাথে সামঞ্জস্য রেখে গ্রাহক সেবা প্রদানের জন্য প্রতিটি ইউনিটে স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল</p>

	<p>কার্যক্রম অব্যাহত রয়েছে। উল্লেখ্য, গত ১৬-০৮-২০২১ তারিখে স্বাস্থ্যবিধি অনুসরণ করে হোটেল/মোটেল চালুকরণ এবং বিক্রয় বৃদ্ধির বিভিন্ন কৌশল নিয়ে বাণিজ্যিক ইউনিটসমূহের সাথে ভিডিও কনফারেন্স (Zoom Cloud)-এ সভা আয়োজন করা হয়।</p> <p>সিদ্ধান্ত: বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটে অনলাইন মনিটরিং কার্যক্রম চলমান থাকবে। সকল ধরনের ব্যয় সংকোচন নীতি প্রতিপালন এবং বিক্রয় বৃদ্ধির উপায় সম্পর্কে প্রাপ্ত মতামত/সুপারিশ পর্যালোচনা করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া বাণিজ্যিক ইউনিটসমূহের ভিডিও কনফারেন্স (Zoom Cloud)-এ সভা আয়োজনের ধারাবাহিকতা রক্ষা করতে হবে। কোভিড-১৯ সংক্রমণজনিত পরিবর্তিত অবস্থার সাথে সামঞ্জস্য রেখে গ্রাহক সেবা প্রদানের জন্য প্রতিটি ইউনিটে স্বাস্থ্যবিধি ও প্রণীত এসওপি অনুসরণপূর্বক সকল কার্যক্রম অব্যাহত রাখবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (বাণিজ্যিক) / আইসিটি শাখা / ইউনিট ব্যবস্থাপক (সকল)</p>																								
১০.২।	<p>বাপক-এর সাকুরা বার-এর বকেয়া ভাড়া পরিশোধ এবং বগুড়া বার-এর উদ্ভূত সমস্যা প্রসঙ্গে আলোচনা: পরিচালক (বাণিজ্যিক) শাহবাগস্থ বাপক-এর সাকুরা বার-এর বকেয়া ভাড়া পরিশোধের বিষয়ে সভায় আলোকপাত করেন। বিগত একাধিক বছরে সাকুরা বার-এর স্পেস ভাড়া বাবদ প্রদেয় অর্থ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে দেয়া হয়নি মর্মে ঢা.দ.সি.ক-এর থেকে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে সভাপতি উক্ত সারচার্জসহ বকেয়া ভাড়া পরিশোধের জন্য বাণিজ্যিক শাখাকে কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান। ইতোমধ্যে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক বগুড়া বারের পরিদর্শন প্রতিবেদন দাখিল করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী পরবর্তী কার্যক্রম চলমান আছে।</p> <p>সিদ্ধান্ত: ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর পত্রে চাহিত সারচার্জসহ বকেয়া ভাড়ার অঙ্ক নিরীক্ষান্তে পরিশোধের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। খ) বগুড়া বার-এর উদ্ভূত সমস্যা সমাধানে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) / ইউনিট ব্যবস্থাপক (বগুড়া)</p>																								
১০.৩।	<p>ইজারা ও ভাড়া প্রদানের তালিকা সমন্বয় সভায় উপস্থাপন ও অনুমোদন প্রসঙ্গে আলোচনা: সংস্থার ইজারা ও ভাড়া প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি বলেন, যেকোন ইজারা বা ভাড়া প্রদানের সমন্বয় সভায় আলোচনা করা প্রয়োজন। পরিচালক (বাণিজ্যিক) মহোদয়ের জিজ্ঞাসার জবাবে ব্যবস্থাপক (বাণিজ্যিক) জানান, গত মাসে পূর্বে অনুমোদনকৃত মংলা ও রাজশাহী বার-এর দু'টি ইজারা চুক্তি স্বাক্ষরিত হয়েছে।</p> <p>সিদ্ধান্ত: ইজারা বা ভাড়া দেয়ার ক্ষেত্রে যে সমস্ত ইজারা বা ভাড়া প্রদানের অনুমোদন নথি মারফত গ্রহণ করা হয় বা হচ্ছে সেগুলো প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: গঠিত কমিটি / এন্টেন্ট শাখা / পরিকল্পনা শাখা / বাণিজ্যিক শাখা</p>																								
১১.০।	<p>ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট</p>																								
১১.১।	<p>ভ্রমণ ও রেন্ট-এ-কার-এর সার্বিক বিষয় প্রসঙ্গে আলোচনা: ব্যবস্থাপক (ভ্রমণ ও রেন্ট-এ-কার) সভাকে ভ্রমণ ও রেন্ট-এ-কার-এর সার্বিক বিষয় অবহিত করেন। তিনি বলেন, বর্তমানে গাড়ীগুলি রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে লীজ-এর মাধ্যমে পরিচালিত হচ্ছে।</p> <p style="text-align: center;">সেপ্টেম্বর '২১ মাসে আয় ও ব্যয়ের চিত্র</p> <table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th>খাত</th> <th>আয়</th> <th>ব্যয়</th> <th>মন্তব্য</th> </tr> </thead> <tbody> <tr> <td>কোন্স্টার</td> <td>২,৫৫,০০০/-</td> <td>-</td> <td>ভ্যাট বাদে আয়</td> </tr> <tr> <td>মাইক্রোবাস</td> <td>১,২০,০০০/-</td> <td>-</td> <td></td> </tr> <tr> <td>এম,এল, শালুক</td> <td>-</td> <td>-</td> <td></td> </tr> <tr> <td>স্থায়ী কর্মকর্তা</td> <td>-</td> <td>৯৮,৪৪০/-</td> <td></td> </tr> <tr> <td>উৎসব বোনাস</td> <td>-</td> <td>৬৩,৯৬০/-</td> <td></td> </tr> </tbody> </table>	খাত	আয়	ব্যয়	মন্তব্য	কোন্স্টার	২,৫৫,০০০/-	-	ভ্যাট বাদে আয়	মাইক্রোবাস	১,২০,০০০/-	-		এম,এল, শালুক	-	-		স্থায়ী কর্মকর্তা	-	৯৮,৪৪০/-		উৎসব বোনাস	-	৬৩,৯৬০/-	
খাত	আয়	ব্যয়	মন্তব্য																						
কোন্স্টার	২,৫৫,০০০/-	-	ভ্যাট বাদে আয়																						
মাইক্রোবাস	১,২০,০০০/-	-																							
এম,এল, শালুক	-	-																							
স্থায়ী কর্মকর্তা	-	৯৮,৪৪০/-																							
উৎসব বোনাস	-	৬৩,৯৬০/-																							



কর্মচারী (কার্যসহকারী)		২৯,২০০/-	
ভ্যাট		৪৮,৯১৩/-	
হাউজকিপিং	-	-	-
মোট =	৩,৭৫,০০০/-	২,৪০,৫১৩/-	লাভ ১,৩৪,৪৮৭/-

এ প্রসঙ্গে পরিচালক (বাণিজ্যিক) ০৪টি মাইক্রোবাস ভাড়া বাবদ অক্টোবর কোম্পানী এবং শাপলা-শালুক পরিচালনাকারীর নিকট পাওনার বিষয়ে জানতে চাইলে ব্যবস্থাপক (বাণিজ্যিক-১) বলেন, অক্টোবর এপ্রিল'২১ মাসের মোট ৩,৭৫,০০০/- (তিন লক্ষ পঁচাত্তর হাজার) টাকার চেক প্রদান করেছেন। ০৩ (তিন) মাসে ১১,২৫,০০০/- (এগারো লক্ষ পঁচাত্তর হাজার) টাকা বকেয়া রয়েছে।

সিদ্ধান্ত:

- ক) অক্টোবর কোম্পানীর নিকট হতে সমুদয় বকেয়া আদায় করতে হবে। বকেয়া আদায় না হলে কোম্পানীর ইজারা বাতিল করতে হবে।
- খ) বাপক-এর অনুকূলে বরাদ্দকৃত ট্রাভেল এজেন্সি লাইসেন্স ব্যবহারকারী টুয়েলভ ইভেন্টস-এর সাথে চুক্তি বাতিলের চূড়ান্ত পত্র প্রেরণ করতে হবে।
- গ) বাপক-এর ক্রয়কৃত গাড়ীগুলো পরিচালনার লক্ষ্যে গঠিত কমিটি গাড়ীগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে কর্তৃপক্ষ বরাবর সুপারিকল্পিত ও সুচিন্তিত প্রতিবেদন দাখিল করবেন।

বাস্তবায়ন: ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট / বাণিজ্যিক শাখা

১২.০১ পিটিএস শাখা

১২.১১ ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) প্রসঙ্গে

আলোচনা: মহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, ব্লু-ইকোনমি সংক্রান্ত প্রশাসনিক মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সভাসমূহে বাপক থেকে নিয়মিত অংশগ্রহণ করা হয়। এছাড়া বাপক-এর স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনাসমূহ পরিমার্জন করে প্রস্তাব আকারে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত:

- ক) ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) বিষয়ে মন্ত্রণালয়ে আহ্বানকৃত সভাগুলোতে বাপক-এর প্রতিনিধি নিয়মিত অংশগ্রহণ করবেন।
- খ) ব্লু-ইকোনমির উপর একটি সেমিনার আয়োজন করতে হবে।

বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (পরিকল্পনা)

১২.২১ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা প্রসঙ্গে

আলোচনা: পরিকল্পনা শাখা থেকে জানা যায় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২১-২২-এর ছক অনুযায়ী বর্ণিত কার্যক্রমসমূহের বিষয়ে APA'র নির্ধারিত সূচক অনুসরণে কাজীকৃত লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রম অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২১-২২-এর কার্যক্রমসমূহ APA'র নির্ধারিত সূচক অনুসরণে কাজীকৃত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেতন হতে হবে।

বাস্তবায়ন: ব্যবস্থাপক (পিটিএস) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন কমিটি

১২.৩১ অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে

আলোচনা: বিভিন্ন অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:

- ক) বিভিন্ন অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রাখতে হবে। ই-নথি, বিভাগীয় মামলা, আইন-নীতি-চাকরির বিধানাবলী ও সেবা প্রদান বিষয়ক প্রশিক্ষণের পাশাপাশি APA ভুক্ত ৫টি কর্ম-পরিকল্পনার উপর নির্দিষ্ট বিষয়গুলো পরিকল্পনা শাখার নিয়মিত প্রশিক্ষণ পঞ্জিতে অন্তর্ভুক্তকরণ এবং বিপণনের উপরও প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- খ) সক্ষমতা অর্জনের জন্য নবীন কর্মকর্তাদের কম্পিউটার কাউন্সিল থেকে কম্পিউটারের উপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়ন: ব্যবস্থাপক (পরিকল্পনা-২)

১৩.০।	এস্টেট শাখা
১৩.১।	<p>বাপক-এর সকল ইউনিট ও জমিজমার সীমানা নির্ধারণ ও প্রাচীর নির্মাণ প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর সকল জমিজমা অবৈধ দখলদার ও সেগুলোর সীমানা সুরক্ষিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) বাপক-এর জমি অবৈধ দখলদার মুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>খ) কক্সবাজারে পুলিশ বিভাগ এবং জেলা পরিষদের নিকট থেকে জমি উদ্ধার কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (এস্টেট) / পূর্ত শাখা / গঠিত কমিটি</p>
১৩.২।	<p>সম্পদ/ভূমির ইনভেনটরীকরণ ও প্রতিবেদন প্রণয়ন প্রসঙ্গে</p> <p>আলোচনা: সভাপতি স্থাবর সম্পত্তির পাশাপাশি সকল অস্থাবর সম্পত্তির ইনভেনটরী করার নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) সকল স্থাবর/অস্থাবর সম্পত্তির ইনভেনটরীপূর্বক রেজিস্টারভুক্ত করতে হবে এবং ইনভেনটরীর হালনাগাদ প্রতিবেদন প্রস্তুত করতে হবে।</p> <p>খ) কেন্দ্রীয় স্টোর কর্তৃক ক্রয়কাজ সম্পন্নের পত্র, অর্থ ও হিসাব শাখা কর্তৃক আর্থিক অনুমোদনের পত্র ও বাণিজ্যিক শাখা কর্তৃক ক্রয়কাজ সম্পন্নের সময় অর্থের পরিমাণ অনুমোদনের পত্রসহ সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রদত্ত তথ্য-উপাত্ত (documents) সংগ্রহ করে ইনভেনটরীর সাথে মিলাতে হবে।</p> <p>বাস্তবায়ন: এস্টেট শাখা / পরিকল্পনা শাখা</p>
১৪.০।	এনএইচটিআই
১৪.১।	<p>এনএইচটিআই-এর সার্বিক কার্যক্রম প্রসঙ্গে আলোচনা</p> <p>ভারপ্রাপ্ত অধ্যক্ষ (এনএইচটিআই) জানান, এনএইচটিআই-এর ওয়েবসাইট চালুকরণ ও ব্যবহার উপযোগীকরণের বিষয়ে আইসিটি শাখার সহযোগিতায় কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে যেসব ক্লাস/কোর্স চলমান রয়েছে সেগুলো অব্যাহত রাখা ও সকল কোর্সের গুণগত মান বজায় রাখতে প্রশিক্ষকবৃন্দকে সর্বোচ্চ আত্মনিয়োগ করতে হবে। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নতুন শর্ট কোর্স আরম্ভ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষকবৃন্দের নিয়মিত ও যথাসময়ে কার্যালয়ে উপস্থিতি নিশ্চিত করতে হবে। এনএইচটিআই থেকে উত্তীর্ণ ও সনদ প্রাপ্ত অদ্যাবধি সকল প্রশিক্ষার্থীর পূর্ণাঙ্গা ডাটাবেস প্রস্তুতের লক্ষ্যে সর্বোচ্চ অগ্রাধিকার কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: অধ্যক্ষ (এনএইচটিআই) / সাধারণ সেবা শাখা</p>
১৪.২।	<p>এনএইচটিআই-এর প্রশিক্ষণ কার্যক্রমের উৎকর্ষতা ও উপযোগিতা বৃদ্ধি প্রসঙ্গে</p> <p>আলোচনা: সম্প্রতি ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি খাতের উপর বিশেষায়িত একটি পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়ে কার্যক্রম শুরু হয়েছে। সে পরিপ্রেক্ষিতে এনএইচটিআই-এর উপযোগিতা ও শীর্ষস্থান বজায় রাখতে এবং এর উৎকর্ষতা বৃদ্ধিতে করণীয় ও ভবিষ্যৎ পরিকল্পনার বিষয়ে সভাপতি একটি বিস্তারিত উপস্থাপনা (পিপিপি) প্রদর্শনের নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: বর্তমান উচ্চ প্রতিযোগিতার সময়ে এনএইচটিআই-এর উপযোগিতা ও শীর্ষস্থান বজায় রাখতে এবং এর উৎকর্ষতা বৃদ্ধিতে করণীয় ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ক প্রণীত প্রতিবেদনের উপর সভার দিনক্ষণ নির্ধারণ করে বিস্তারিত উপস্থাপনা (পিপিপি) প্রদর্শন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (পরিকল্পনা) / অধ্যক্ষ (এনএইচটিআই)</p>



১৫.০১	বিবিধ
১৫.১১	<p>বাপক-এর নবনির্মিত প্রধান কার্যালয় 'পর্যটন ভবন'-এর তদারকি ও বিবিধ বিষয় প্রসঙ্গে</p> <p>আলোচনা: পরিচালক (বাণিজ্যিক) বাপক-এর প্রধান কার্যালয়স্থ লিফট তিনটি মাঝে মাঝে ব্যবহার অনুপযোগী হয়ে পড়ে। এছাড়া ভূগর্ভস্থ গাড়ী পার্কিং এর জায়গার সঠিক ব্যবহার হচ্ছে না। এতে সংস্থা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) 'পর্যটন ভবন'-এর লিফট তিনটির সমস্যাসমূহ চিহ্নিত করা এবং লিফটম্যান বিষয়ক চুক্তি কার্যকরের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে হবে।</p> <p>খ) 'পর্যটন ভবন'-এর ভূগর্ভস্থ গাড়ী পার্কিং এর জায়গার সঠিক ব্যবহার নিশ্চিতকল্পে ভবন ব্যবহারকারী সকল সংস্থার গাড়ী নম্বরসমূহ তালিকাভুক্ত করতে হবে। উক্ত তালিকার বাইরের অন্যান্য গাড়ী পার্কিং-এর ক্ষেত্রে নিয়ম অনুযায়ী ভাড়া আদায় কার্যক্রম নিশ্চিত করতে হবে।</p> <p>গ) পর্যটন ভবন সার্বিক তদারকির জন্য ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপক (পূর্ত) এবং নির্বাহী কর্মকর্তা (সা. সে.)-কে নিয়ে গঠিত কমিটি কাজ করবেন। কমিটি প্রতি মাসে মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে রিপোর্ট প্রদান করবেন।</p> <p>বাস্তবায়ন: সংশ্লিষ্ট কমিটি / পূর্ত শাখা / পরিকল্পনা শাখা</p>
১৫.২১	<p>বাপক-এর পেনশন খাতে আর্থিক বরাদ্দ প্রদান প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর পেনশন খাতে অর্থ বরাদ্দের বিষয়ে বাপক-এর অফিসার্স এসোসিয়েশন-এর সভাপতি সভায় প্রস্তাব পেশ করেন। তিনি সংস্থার স্থায়ী আমানতের বিপরীতে প্রাপ্ত মুনাফা হতে ৩,০০,০০,০০০.০০ (তিন কোটি) টাকা পেনশন খাতে বরাদ্দ প্রদানের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: সংস্থার আর্থিক অবস্থা বিবেচনা/পর্যালোচনা করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)</p>
১৫.৩	<p>বাপক-এর কর্তকর্তাদের কর্মবন্টন এবং উপব্যবস্থাপক পর্যায় পর্যন্ত কর্মকর্তাদের প্রতিকল্প কর্মকর্তা নির্ধারণ প্রসঙ্গে</p> <p>আলোচনা: সভায় চেয়ারম্যান মহোদয় বাপকের সকল কর্মকর্তাদের সুনির্দিষ্ট কর্মবন্টন তালিকা প্রণয়নের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। এছাড়া কাজের গতিশীলতা সুসম রাখার ক্ষেত্রে উপব্যবস্থাপক পর্যায় পর্যন্ত প্রতিকল্প নির্ধারণ সম্পর্কিত অফিস আদেশ জারী করার নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: বিদ্যমান কর্মবন্টন তালিকা যাচাই-বাছাই করে সংশোধিত কর্মবন্টন করতে হবে এবং উপব্যবস্থাপক পর্যায় পর্যন্ত প্রতিকল্প কর্মকর্তা নির্ধারণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: প্রশাসন শাখা</p>
১৫.৪	<p>এনএইচটিআই-এর প্রশিক্ষার্থীদের এটাচমেন্ট প্রসঙ্গে</p> <p>আলোচনা: পর্যটন ভবনের রুফটপ রেস্টোরীতে গ্যাস লাইন সংযোগের ক্ষেত্রে শর্ত রয়েছে যে এনএইচটিআই-এর প্রশিক্ষার্থীদের কোর্স শেষে পর্যটন ভবন-এর 'রুফটপ রেস্টোরী'-তে এটাচমেন্ট সম্পন্ন করতে হবে। সেলক্ষে এটাচমেন্ট সম্পন্ন করার জন্য করার জন্য রুফটপ রেস্টোরীতে প্রশিক্ষার্থীদের প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত: এনএইচটিআই-এর প্রশিক্ষার্থীদের কোর্স শেষে এটাচমেন্ট সম্পন্ন করার জন্য ভবন-এর "রুফটপ রেস্টোরী"-তে প্রেরণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: অধ্যক্ষ, এনএইচটিআই</p>
১৫.৫	<p>এনএইচটিআই ভবনের সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিতকরণ প্রসঙ্গে</p> <p>আলোচনা: ব্যবস্থাপক (হোটেল অবকাশ) জানান যে, অবকাশ-এর কিচেনে রান্না কার্যক্রম শুরু করতে প্রস্তুত আছে, তবে অভ্যর্থনা কক্ষ থেকে মাঝখানে কোন বেটনী না থাকায়, অভ্যর্থনা কক্ষের সমস্ত কাজের ধুলোবালি কিচেনে প্রবেশ করে এতে করে খাবারের মান ধরে রাখা কোনভাবেই সম্ভব হবে না। মহাব্যবস্থাপক (পূর্ত) বলেন, তিনি সম্প্রতি এনএইচটিআই পরিদর্শন করেছেন। অচিরেই অভ্যর্থনা কক্ষ থেকে মাঝখানে একটি বেটনী দেয়ার ব্যবস্থা করা হবে। সভাপতি দুই কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।</p>



<p>সিদ্ধান্ত: এনএইচটিটিআই ভবনের সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের কার্যক্রম দ্রুততম সময়ে মধ্যে সম্পন্ন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (পূর্ত)/ ব্যবস্থাপক হোটেল অবকাশ</p>

১৬.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 মোঃ হান্নান মিয়া
 চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০০০.০৬.০০১.০৭/ ১০৪২ (ক)

কার্তিক
 ০২ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
 তারিখ: -----
 ১৮ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক ----- (সকল), বাপক, ঢাকা।
- ২) মহাব্যবস্থাপক ----- (সকল), বাপক, ঢাকা।
- ৩) অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, ঢাকা।
- ৪) বিভাগীয় প্রধান ----- (সকল), বাপক, ঢাকা।
- ৫) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।


 মোহাম্মদ সফিউজ্জামান ভূইয়া
 মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)